

## আসছে স্বাধীনতা

### কাইউম পারভেজ

(গত রবিবার (২০ মার্চ) কুমিল্লা ভিক্টোরিয়া কলেজ থিয়েটারের নাট্যকর্মী সোহাগী জাহান তনুকে (১৯) ধর্ষণের পর নির্মমভাবে হত্যা করা হয়েছে। কুমিল্লা ময়নামতি সেনানিবাসের অলিপুর এলাকায় একটি কালভার্টের কাছ থেকে পুলিশ নিহত তনুর লাশ উদ্ধার করে। তনুকে উৎসর্গ করে আমার এবারের স্বাধীনতার কবিতা)

এই সবাই সরো! সরো সরো! স্বাধীনতা আসছে।

লাল সবুজের পানসীতে আসছে স্বাধীনতা।

তোর আমার তোমার আপনার সবার স্বাধীনতা।

সবুজ সাথী হাতে উড়াল দেবার স্বাধীনতা  
উড়তে উড়তে নীচে মানচিত্র দেখার স্বাধীনতা।  
জাতীয় পরিচয়পত্রের স্বাধীনতা।  
চতুষ্কোণপত্রের সে স্বাধীনতা হাতে  
ভোট দেয়া নেয়া ব্যালট দেয়া নেয়া  
ব্যালট পুড়িয়ে দেয়া - শুভ্র ব্যালট রঞ্জিত করে দেয়ার  
বিশাল এক স্বাধীনতা।

সবাই সরো! সরো সরো! স্বাধীনতা আসছে।  
লাল সবুজের বলকানীতে আসছে স্বাধীনতা।  
তোর আমার তোমার আপনার সবার স্বাধীনতা।

সংসদ কাঁপিয়ে দেবার স্বাধীনতা।  
টক শোর পর্দা ঝাঁকিয়ে দেবার স্বাধীনতা।  
ইউনিফর্ম চড়িয়ে যাচ্ছেতাই করবার স্বাধীনতা  
ট্রাফিক আইন না মানার দীপ্ত স্বাধীনতা।  
কালো ভ্রমরের কৌটোয় রাখা মিলিয়নী কানা কড়ি  
এধার ওধার করার দুঃসাহসিক স্বাধীনতা।  
"কানামাছি ভেঁ ভেঁ যাকে পাবি তাকে ছেঁ"  
গুম করে খুন করে ঝোপঝাড় ফেলে থো - এমনতর সব স্বাধীনতা।

এই সবাই সরো! সরো সরো! স্বাধীনতা আসছে।  
লাল সবুজের নাগর দোলায় আসছে স্বাধীনতা।  
তোর আমার তোমার আপনার সবার স্বাধীনতা।  
নেই শুধু হিজাবের আড়ালে থাকার  
নিষ্পাপ তনু মনের স্বাধীনতা।  
স্বাধীনতা তাদেরই যারা স্বাধীনতার তনুদের ঝলসে ঝলসে খাচ্ছে।  
একান্তরে জলপাই আবাসনে যেথায় দেহ মন লুটের স্বাধীনতা  
মোলতেও সেথায় হিজাবের আড়ালে নিষ্পাপ তনু মন লুটের স্বাধীনতা!  
একান্তরের ওদেরকে চিনতাম - ওরা চেনা জানা  
মোলর এগুলো চিনি তবু তারে চেনা যাবে না!  
ওদের চিনেও না চেনার অদ্ভুত এক স্বাধীনতা।

দোহাই স্বাধীনতা আজ তুমি আর এসো না  
তোমার পতাকায় আমার আক্ৰট্যাও যে আর ঢাকবে না।

